# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 FEBRUARY 2025 7:45—7:55**

---

(১) চিকেন নেক করিডরের ভূ-গর্ভের মধ্য দিয়ে উত্তর-পূর্বাঞ্চলকে সংযুক্ত করে রেলপথ নির্মাণের কেন্দ্রীয় সরকারের উচ্চাকাংখামূলক প্রকল্প ।

(২) রাজ্য সরকারের কর্মচারীদের প্রয়োজন সাপেক্ষে ন্যূনতম সূদের বিনিময়ে আগাম বেতন প্রদানের ব্যাবস্থা ।

(৩) হাইলাকান্দি জেলার ঘারমুরা সংরক্ষিত বনাঞ্চলের দামছড়া অঞ্চলে আজ দ্বিতীয় দিনের উচ্ছেদ অভিযান শান্তিপূর্ণভাবে সমাপ্ত । এবং

(৪) হাইলাকান্দিতে অনুষ্ঠেয় আসাম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতার আগামীকাল ফাইনাল খেলা ।

---

সামরিক এবং সুরক্ষার দিক থেকে স্পর্শকাতর চিকেন নেক করিডোরের ভূগর্ভের মধ্যদিয়ে উত্তরপূর্বাঞ্চলকে সংযুক্ত করে ৪০ কিলোমিটার দৈর্ঘ্যের রেলপথ নির্মাণ করার জন্য কেন্দ্রীয় সরকার উচ্চাকাঙ্খী প্রকল্প রূপায়ন করার পরিকল্পনা করছে ।কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের গত রবিবার লোকসভায় দাখিল করা বাজেটে অন্তর্ভুক্ত রেল বাজেটের বিভিন্ন দিক উন্মোচন করে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ গতকাল এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ।রেলমন্ত্রী চারটি পথ যুক্ত এই রেল প্রকল্পকে কৌশলগত প্রকল্প বলে অভিহিত করেন ।উল্লেখ্য চিকেন নেক হিসেবে পরিচিত শিলিগুরি করিডোর তিনটি দেশ - চীন , নেপাল এবং বাংলাদেশ সংলগ্ন । রেলমন্ত্রী বলেন যে সামরিক দিক থেকে গুরুত্বপূর্ণ এই প্রকল্প উত্তরপূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থায় নতুন গতি আনবে । শ্রী বৈষ্ণ বলেন যে আসামের সঙ্গে ভূটান সংযোগকারী

রেল প্রকল্পের জন্য সমীক্ষা পূর্ণ গতিতে চলছে । শীঘ্র কোকরাঝার থেকে ভূটানের গেলেফু পর্যন্ত রেলপথ নির্মাণের কাজ আরম্ভ হবে বলে উল্লেখ করে উত্তরপূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে অব্যাহত থাকা রেল প্রকল্পের বিষয়ে তিনি সাংবাদিকদের জানান ।রেলের ধাক্কায় হাতীর মৃত্যুর  ঘটনা প্রতিরোধ করতে রেল বিভাগ প্রযুক্তির সহায়তায় ব্যবস্থা গ্রহণ করেছে বলে রেলমন্ত্রী জানান ।

এদিকে উত্তরপূর্ব সীমান্ত রেলের মহাপ্রবন্ধক চেতন কুমার শ্রীবাস্তব সাংবাদিকদের জানান যে এবারের বাজেটে আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোর জন্য রেল পরিকাঠামো গড়ে তোলার জন্য পূর্বের চাইতে পাঁচগুণ বেশী অর্থ বরাদ্দ করা হয়েছে । তিনি বলেন যে ২০০৯ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত উত্তরপূর্বাঞ্চলের বার্ষিক রেল বাজেটের পরিমান ছিল ২ হাজার ১২২ কোটি টাকা । এবারের বাজেটে এই পরিমান ১১ হাজার ৪৮৬ কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে । এছাড়া সমগ্র উত্তরপূর্বাঞ্চলে ৭২ হাজার কোটি টাকার রেল প্রকল্পের কাজ চলছে বলে তিনি জানান ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ লক্ষীমপুর জেলার বিহুপুরিয়া বিধানসভা কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা প্রকল্পের চেক বিতরন করেন । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বিহুপুরিয়া বিধানসভা কেন্দ্রের ৩০ হাজারেরও অধিক মহিলার মধ্যে ১০ হাজার টাকা করে চেক প্রদান করেন । এছাড়া ও মূখ্যমন্ত্রী নারায়নপুরে ৫৭ কোটী টাকা ব্যয় সাপেক্ষে নির্মিত মাধবদেব বিশ্ববিদ্যালয়ের নতুন প্রাঙ্গন উদ্বোধন করেন ।

এদিকে রাজ্যের জল সম্পদ বিভাগের মন্ত্রী পিযুষ হাজারিকা আজ ডিমা হাসাও জেলার মাইবং-এ প্রায় ১৮ হাজার মহিলাকে  মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযানের অধীনে ১০ হাজার টাকা করে চেক বিতরন করেন । এছাড়াও মন্ত্রী শ্রীহাজারিকা জেলায় পাঁচটি সড়ক প্রকল্পের শিলান্যাস করেন । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে নন্দিতা গারলোসা , উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মূখ্য কার্য্যবাহী সদস্য দেবলাল গারলোসা , বিধায়ক জিতু গোস্বামী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের কর্মচারীরা এখন থেকে প্রয়োজন সাপেক্ষে ন্যূনতম সূদের বিনিময়ে আগাম বেতনের অর্থ নিতে পারবেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল রাজ্য সরকারের তৃতীয় ও চতুর্থ শ্রেনীর কর্মচারীদের পারস্পরিক বদলির জন্য দ্বিতীয় পর্যায়ের স্বাগত সতীর্থ পোর্টেল সূচনা করে সাংবাদিকদের একথা জানান । মূখ্যমন্ত্রী বলেন যে রাজস্থান সরকার এধরণের ব্যাবস্থা গ্রহণ করেছে । আগাম বেতন লাভ করার পর কর্মচারীরা মাসে মাসে বা ১৫ দিন অন্তর অন্তর অগ্রীম বেতনের অর্থ ফিরিয়ে দিতে

পারবেন । তবে এই বেতন ব্যাঙ্ক থেকে নিলে কর্মচারীদের ব্যাঙ্কের নির্ধারণ করা সুদের হারের ভিত্তিতে কিস্তি দিতে হবে না । এভাবে আগাম বেতন লাভ করলে কর্মচারীরা সন্তানের শিক্ষার জন্য অথবা পরিবারের প্রয়োজনের কাজে অর্থ ব্যয়ের ক্ষেত্রে সুবিধা পাবেন বলে ড.শর্মা উল্লেখ করেন । আগাম বেতনের ক্ষেত্রে সুদের হার ১ শতাংশ হবার সম্ভাবনা রয়েছে বলেও মূখ্যমন্ত্রী জানান ।

-----------------------------------------------------------------------------------------------

ভূটানের মহারাণী গ্যালুম অশ্বী দর্জী ওয়াংম’ ওয়াংচুককে ২২ তম বডোফা উপেন্দ্র নাথ ব্রহ্ম মানবতার সৈনিক ২০২৫ পুরস্কার প্রদান করা হয় । কোকরাঝারের বড়োলেন্ড বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে ভূটানের মহারাণীকে এই পুরস্কার প্রদান করা হয় ।পুরস্কার গ্রহণ করে মহারাণী ওয়াংচুক বলেন যে ভারত এবং ভূটানের মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সহ বড়ো সংস্কৃতি এবং জনসাধারণের সঙ্গেও ভূটানের সম্পর্ক রয়েছে । তিনি বলেন যে বর্তমান সরকারের গ্রহণ করা আঞ্চলিক অর্থনৈতিক পদক্ষেপ ভূটান এবং আসামের উন্নয়ন তথা সমৃদ্ধির ক্ষেত্রে বিশেষ অবদান যোগাবে ।

-----------------------------------------------------------------------------------------------

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নিতে আগামী ৮ ফেব্রুয়ারী নির্বাচন কমিশনের একটি দল আসামে আসবে । উপ-নির্বাচন কমিশনারের নেতৃত্বে দলটি নির্বাচনের প্রস্তুতির খোঁজ নেবে । ১৫ ফেব্রুয়ারীর পর মূখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ,নির্বাচন আয়ুক্ত ড.সুখবীর সিং সান্ধু এবং ড.বিবেক যোশী গঠিত কমিশনের পূর্ণাঙ্গ দল আসামে এসে রাজ্যের নির্বাচনী প্রস্তুতি পর্যালোচনা করা সহ সাম্প্রতিক পরিস্থিতির খোঁজ খবর নেবেন । উপ-নির্বাচন কমিশনারের নেতৃত্বে ৮ ফেব্রুয়ারী আসা দলটি রাজ্য নির্বাচন আধিকারিকের সঙ্গে আলোচনায় মিলিত হবেন । তারা প্রতিটি জেলার আয়ুক্ত ও শীর্ষ পুলিশ আধিকারিকের সঙ্গেও আলোচনা করবেন । দলটি রাজনৈতিক দলসমূহের প্রতিনিধির সঙ্গেও আলোচনায় মিলিত হবেন । উভয় দল প্রস্তুতির খোঁজ নিয়ে ফিরে যাবার পর নির্বাচনের দিন ঘোষণা করার সম্ভাবনা রয়েছে । উল্লেখ্য মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ইতিপূর্বে ফেব্রুয়ারীর শেষ ভাগে নির্বাচনের দিন ঘোষনা করার সম্ভাবনার বিষয়ে উল্লেখ করেছিলেন ।

-----------------------------------------------------------------------------------------------

আগামী ২৭ ফেব্রুয়ারীর পূর্বে রাজ্যের শিক্ষা , কৃষি ও লোকনির্মাণ বিভাগে পুনরায় ৫ হাজার পদে নিযুক্তি প্রদান করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে ৬৭ টি বিদ্যালয় ভবন উদ্বোধন করা সহ ৬২ টি নতুন বিদ্যালয় ভবনের শিলান্যাস করার পর সাংবাদিকদের একথা জানান । তিনি বলেন যে বেশ

কয়েকটি বিভাগে নিযুক্তির জন্য সাক্ষাৎকার প্রক্রিয়া চলছে। প্রাথমিক শিক্ষা বিভাগে ৪ হাজারেরও বেশী পদে নিযুক্তি প্রক্রিয়া অব্যাহত রয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।স্বচ্ছ নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে রাজ্য সরকার ১ লক্ষ ৫৬ হাজার যুবক যুবতীকে নিযুক্তি প্রদান করেছে বলে উল্লেখ করে এডি আর ই'র মাধ্যমে তৃতীয় ও চতুর্থ বর্গের নিযুক্তি সম্পন্ন করার পর চলতি মাসে নিযুক্তির সংখ্যা ১ লক্ষ ৭৫ হাজার অতিক্রম করবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------------

দক্ষিণ হাইলাকান্দি জেলার ঘারমুরা সংরক্ষিত বনাঞ্চলের দামছড়া অঞ্চলে দুদিনব্যাপী পরিচালিত বন বিভাগের উচ্ছেদ অভিযান আজ শান্তিপূর্নভাবে সমাপ্ত হয়েছে । গোটা অভিযানের সময় কোনো ধরণের অপ্রীতিকর ঘটনা ঘটেনি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে । প্রশাসন সূত্র জানানো হয়েছে যে সংরক্ষিত বনাঞ্চলে দীর্ঘদিন ধরে অবৈধভাবে বসবাসকারীদের উচ্ছেদের লক্ষ্যে অঞ্চলের ২ হাজার ৮শো বিঘা সংরক্ষিত বনভূমি দখলমুক্ত করার পরিকল্পনা নেওয়া হয় । এরমধ্যে আজ দ্বিতীয় দিনে প্রায় ১ হাজার ৬০০ বিঘা জমি অবৈধ দখলমুক্ত করা সম্ভব হয়েছে । উচ্ছেদ অভিযানে প্রায় ১৫০ টি বুলডোজার ,জে সি বি ও অন্যান্য ভারী যন্ত্রপাতি ব্যাবহার করা হয় । প্রথম দিন ৫ , ৬ এবং ৭ নম্বর সেক্টরে উচ্ছেদ অভিযান চালানো হয় এবং দ্বিতীয় দিনে ১, ২ , ৩ ও ৪ নম্বর সেক্টরে প্রশাসনের বুলডোজার নামানো হয় । । উল্লেখ্য বনাঞ্চলের জমি অবৈধভাবে দখল করে থাকা মোট ৫শো ২০টি পরিবারকে প্রশাসনের পক্ষ থেকে উচ্ছেদের জন্য নোটিশ জারী করা হয়েছিলো । উচ্ছেদ চলাকালীন আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ওই অঞ্চলে ভারতীয় ন্যায় সংহিতার ১শো ৬৩ ধারা জারী করা সহ সতর্কতামূলক ব্যাবস্থা হিসেবে আজ দ্বিতীয় দিনে দামছড়া শিক্ষা ক্লাস্টারের অধীন সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয় । এছাড়া সমগ্র জেলায় পুলিশ ও অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করে কঠোর নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করা হয় ।

জেলা বন আধিকারিক---অখিল দত্ত জানান ----বাইট---

---------------------------------------------------------------------------------------------

আজ শবে বরাত বা ভাগ্য রজনী । বরাক উপত্যকার ইসলাম ধর্মাবলম্বী লোকেদের মধ্যে আজ শবে বরাত উপলক্ষ্যে উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে । আমাদের শ্রীভূমি জেলার সংবাদদাতা জানিয়েছেন যে শবে বরাত উপলক্ষ্যে জেলার মসজিদ , মাদ্রাসায় উৎসব মূখর পরিবেশের সৃষ্টি হয়েছে । আজ সন্ধ্যার পর থেকে মসজিদগুলোতে মুসল্লিদের ভীড় পরিলক্ষিত হচ্ছে । শবে বরাত উপলক্ষ্যে আজ রাতে মসজিদগুলোতে

ধর্মীয় আলোচনা সভা এবং দেশ ,জাতি ও সমগ্র মানবজাতির শান্তি ও কল্যান কামনা করে প্রার্থনা করা হবে ।

---------------------------------------------------------------------------------------

জাতীয় বির্পযয় মোকাবিলা বাহিনীর উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা প্রশাসনের বির্পযয় মোকাবিলা শাখার সহযোগীতায় হাইলাকান্দি এস এস কলেজে দু দিনব্যাপী বির্পযয় মোকাবিলার মহড়া আজ সমাপ্ত হয়েছে । মহড়ায় জেলা প্রশাসনের র্দূযোগ ব্যবস্থাপনা বিভাগের আধিকারীক , বিভিন্ন বিভাগের আধিকারীক , কলেজের শিক্ষার্থী , শিক্ষক-শিক্ষিকা , এন সি সি এবং আপদা মিত্ররা অংশ গ্রহন করেন । মহড়ায় বির্পযয় মোকাবিলার কৌশল ও বির্পযয়ের সময় জীবন ও সহায়-সম্পত্তির ক্ষয়ক্ষতি কমিয়ে আনতে বিভিন্ন তৎপরতার বিষয় নিয়ে আলোচনা করা হয় । মহড়ায় ভূমিকম্পের দৃশ্যপট তৈরী করে দ্রুত উদ্ধার , ত্রাণকার্য্য পরিচালনা এবং চিকিৎসা ব্যবস্থার প্রস্তুতি খতিয়ে দেখা হয় ।

---------------------------------------------------------------------------------------

আসাম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতার ফাইনাল খেলা হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত হবে । দু দিনের এই ফাইনাল খেলায় গতবারের বিজয়ী ব্লাড মাউথ ক্লাব মুখোমূখী হবে রাইজিং ইয়ুথ স্টার ক্লাবের বিরুদ্ধে । এদিকে এই ফাইনাল ম্যাচকে কেন্দ্র করে ইতিমধ্যে ক্রীড়া প্রেমীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে ।

---------------------------------------------------------------------------------------